

## রমজান উপলক্ষে এয়ার এ্যাস্ট্রার বিশেষ অফার

- A Monitor Desk Report

Date: 02 March, 2025



ঢাকা: রমজান উপলক্ষে বিশেষ অফার ঘোষণা করেছে বেসরকারি এয়ারলাইন এয়ার এ্যাস্ট্রা। এই রমজানে যাত্রীদের নিশ্চিন্তে এবং আরামদায়ক ভ্রমণ সুবিধা প্রদানের লক্ষে 'নো চার্জস অন ডেট চেঞ্জস' ক্যাম্পেইন নিয়ে হাজির হয়েছে যাত্রীবাহী এই বিমান সংস্থাটি।

এক বিজ্ঞপ্তিতে সংস্থাটি জানায়, ০১ রমজান থেকে ২০ রমজান পর্যন্ত যাত্রীরা কোন ফি ছাড়াই তাদের ফ্লাইটের তারিখ পরিবর্তন করার স্বাধীনতা উপভোগ করতে পারবেন। এই অফারটি এয়ার এ্যাস্ট্রা'র সেলস অফিস, ওয়েবসাইট, মোবাইল অ্যাপ এবং ট্রাভেল এজেন্ট সহ সকল টিকেটিং চ্যানেলের জন্য প্রযোজ্য।

২০ ফেব্রুয়ারি থেকে ২০ মার্চ পর্যন্ত ক্রয় করা টিকেটই এই অফারের জন্য অন্তর্ভুক্ত।

পবিত্র এই রমজান মাসে যাত্রী কেন্দ্রিক সমাধান প্রদান ও অনন্য ভ্রমণের চাহিদা পূরণের লক্ষে এই বিশেষ অফার নিয়ে হাজির হয়েছে এয়ার এ্যাস্ট্রা।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, দেশের শীর্ষস্থানীয় বেসরকারি এয়ারলাইন এয়ার এ্যাস্ট্রা নিরাপদ, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী মূল্যের বিমান ভ্রমণ প্রদানের জন্য নিবেদিত।

রমজান মাসে এয়ার এ্যাস্ট্রা প্রতিদিন ঢাকা থেকে কক্সবাজার ৩টি, চট্টগ্রামে ৪টি এবং সৈয়দপুর ৩টি ফ্লাইট পরিচালনা করবে। এয়ার এ্যাস্ট্রা'র বহরে বর্তমানে চারটি এটিআর ৭২-৬০০ এয়ারক্রাফট রয়েছে, যা ফ্রান্সে নির্মিত সর্বাধুনিক প্রযুক্তির নিরাপদ টার্বোপ্রপ এয়ারক্রাফট।

